গাজীপুরে শ্রমিকদের সড়ক অবরোধ, পুলিশের টিয়ারশেল নিক্ষেপ



ছবি: সংগৃহীত

গাজীপুরের কালিয়াকৈরে পোশাক কারখানার শ্রমিকদের বিক্ষোভে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে গেছে। শনিবার (১৪ নভেম্বর) সকাল সাড়ে ৮টার দিকে চন্দ্রা পল্লী বিদ্যুৎ এলাকায় শ্রমিকেরা সড়ক অবরোধ করেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করেছে। এ ঘটনায় আশপাশের কয়েকটি কারখানায় ছুটি ঘোষণা করা হয়েছে।

শ্রমিক ও পুলিশ সূত্রে জানা যায়, চন্দ্রা এলাকার ট্রপিক্যাল এবং পূর্ব চন্দ্রার এপেক্স লিঞ্জারি কারখানার শ্রমিকেরা গত বৃহস্পতিবারও বিক্ষোভ করেন। সেদিন পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড ছুড়ে তাঁদের ছত্রভঙ্গ করে। এতে কয়েকজন শ্রমিক আহত হন।

বৃহস্পতিবার আহত এক শ্রমিকের মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে শনিবার সকালে শ্রমিকেরা কাজ বন্ধ করে বিক্ষোভে নামেন। পরে তাঁরা কারখানার পাশের মহাসড়কে অবস্থান নেন। এতে সড়কের দুই পাশে যানবাহন আটকে যায়। অনেক যাত্রীকে গাড়ি থেকে নেমে হেঁটে গন্তব্যে যেতে দেখা যায়।

খবর পেয়ে শিল্প পুলিশ, কালিয়াকৈর থানা-পুলিশ ও বিজিবি ঘটনাস্থলে যায়। তারা শ্রমিকদের সঙ্গে কথা বলে পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা করে।

গাজীপুর শিল্পাঞ্চল পুলিশের পুলিশ সুপার মো. আমজাদ হোসাইন বলেন, একজন শ্রমিকের মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার পর বিক্ষোভ শুরু হয়েছে। তবে শ্রমিকদের মূল দাবি বেতন বৃদ্ধি। আশপাশের সাত থেকে আটটি কারখানার শ্রমিকেরা এতে অংশ নিয়েছেন।